

২০২৫

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : DSE-B-3

(চরিতসাহিত্য, আত্মচরিত ও ভ্রমণসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'চৈতন্যভাগবত' গ্রন্থে জীবনীকাব্যের বৈশিষ্ট্য কীভাবে পরিস্ফুট হয়েছে, লেখো। ১০
অথবা
(খ) 'চৈতন্যভাগবত' অনুসারে নিমাইয়ের বাল্য ও কৈশোর জীবনের পরিচয় দাও। ১০
- ২। (ক) 'জীবনস্মৃতি' গ্রন্থে ঠাকুর বাড়ির অন্দরমহলের যে চিত্র ফুটে উঠেছে, তা লেখো। ১০
অথবা
(খ) 'জীবনস্মৃতি' গ্রন্থে রবীন্দ্রনাথ তাঁর জ্যোতিদাদাকে যেভাবে অঙ্কন করেছেন, তা আলোচনা করো। ১০
- ৩। (ক) 'দেশে-বিদেশে' গ্রন্থটি সাহিত্যের কোন সংরূপের মধ্যে পরিগণিত হয়? গ্রন্থটির বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১+৯
অথবা
(খ) 'দেশে-বিদেশে' অনুসারে আবদুর রহমান চরিত্রটির পরিচয় দাও। ১০
- ৪। (ক) "হাসিয়া কহেন প্রভু আমি যে গোয়াল
ব্রাহ্মণের অন্ন আমি খাই সর্বকাল" — তাৎপর্য লেখো। ৫
অথবা
(খ) চৈতন্য'র দীক্ষাগ্রহণ ও সন্ন্যাসগ্রহণ সম্পর্কে লেখো। ৫
- ৫। (ক) "তাহার নাম ঈশ্বর" — ঈশ্বর চরিত্রটির পরিচয় দাও। ৫
অথবা
(খ) 'জীবনস্মৃতি' গ্রন্থ অবলম্বনে রবীন্দ্রনাথের স্কুলশিক্ষা সম্পর্কে লেখো। ৫

Please Turn Over

৬। (ক) 'দেশে-বিদেশে' গ্রন্থের একজন অধ্যাপক সম্পর্কে লেখো। ৫

অথবা

(খ) লেখকের সূক্ষ্ম রসবোধ 'দেশে-বিদেশে' গ্রন্থটিকে সমৃদ্ধ করেছে। — আলোচনা করো। ৫

৭। টীকা লেখো (যে-কোনো একটি) — ৫

(ক) 'চৈতন্যভাগবত'-এর নামকরণ প্রসঙ্গ

(খ) 'জীবনস্মৃতি'র দেবেন্দ্রনাথ ঠাকুর

(গ) কাবুলদেশের বর্ণনা।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর লেখো — ১×১৫

(ক) চৈতন্যদেব কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?

(খ) "তখন চঞ্চল হয় সুস্থির পাসরি"। — 'পাসরি' শব্দটির অর্থ কী?

(গ) "না দেখিব লোকমুখ চলি যাব বনে"। — বক্তার নাম লেখো।

(ঘ) মুরারি গুপ্ত কে ছিলেন?

(ঙ) নিমাইয়ের প্রথমা পত্নীর নাম কী ছিল?

(চ) রবীন্দ্রনাথ লিখিত আর একটি আত্মজীবনী গ্রন্থের নাম লেখো (জীবনস্মৃতি ব্যতীত)।

(ছ) "আমাদের অনেককালের খাজাঞ্চি ছিল"। — 'খাজাঞ্চি'র নাম কী?

(জ) কত বছর বয়সে রবীন্দ্রনাথ 'জীবনস্মৃতি' লেখেন?

(ঝ) রবীন্দ্রনাথ কোন ছড়াটিকে 'শৈশবের মেঘদূত' আখ্যা দিয়েছেন?

(ঞ) রবীন্দ্রনাথের 'ভক্তবন্ধু' কে ছিলেন?

(ট) সৈয়দ মুজতবা আলীর একটি ছদ্মনাম লেখো।

(ঠ) "পাঠান মাত্রই মারাত্মক ডিমোক্রাট"। — 'ডিমোক্রাট' শব্দটির অর্থ কী?

(ড) 'রুবাইয়াৎ' — কী?

(ঢ) "ইসোম্ উস্ সফর, নিসফ উস্ সফর"। — উদ্ধৃত অংশের শব্দগুচ্ছের ভাষা কী?

(ণ) মরু প্রান্তরে কোন দুর্গকে লেখকের অবাস্তুর মনে হয়েছিল?